দৈনিক সংবাদ

তারিখ ...30 NOV. 1998... ...
পৃষ্ঠা · ৪ · কলাম ···৭· ......

## শিক্ষকদের জ্যেষ্ঠতার তালিকা

শিক্ষা মন্ত্রণালয়ের ব্যানবেইজ কর্তৃক ১৯৯৬ সালে প্রণীত মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের জ্যেষ্ঠতার তালিকায় বিভিন্ন প্রকার অসঙ্গতি দেখা যাচ্ছে। নিম্নে এ ধরনের অসঙ্গতি তুলে ধরা হলোঃ

(১) শিক্ষকদের জ্যেষ্ঠতার তালিকা প্রণয়নে কে কতো টাকার স্কেলে কোন্ তারিখ থেকে কর্মরত ছিলেন তা বিবেচনা করা হয়নি। শুধুমাত্র যোগদানের তারিখের ভিত্তিতে জ্যেষ্ঠতা নির্ধারণ করায় সবকিছু ওলট পালট হয়ে গেছে। যেমন, হাতিয়ার ওছখালী কে, এস, এস উচ্চ বিদ্যালয়টি সরকারিকরণের সময় আহমেদ ছোবহান সহকারী প্রধান শিক্ষক এবং সুরেশ চন্দ্র দাস সহকারী শিক্ষক ছিলেন। কিন্তু উক্ত জ্যেষ্ঠতার তালিকায় আহমেদ ছোবহান–এর ক্রমিক নং ১১৩০ এবং সুরেশ চন্দ্র দাসের ক্রমিক নং ৭৬৬।

(২) সরাসরি নিয়োগপ্রাপ্তদের ক্ষেত্রে বি,এড বাধ্যতামূলক। যাদের বি,এড নেই তারা পাঁচ বছরের মধ্যে বি,এড করার শর্তে নিয়োগলাভ করেছেন। সঙ্গত কারণে একই ব্যাচে যোগদানকারী বি,এডবিহীন শিক্ষক অপেক্ষা বি,এড ডিগ্রিধারী শিক্ষক সিনিয়র বলে গণ্য হবেন। কিন্তু উক্ত তালিকা প্রণয়নে তা উপেক্ষা করা হয়েছে।

এ বিষয়ে শিক্ষামন্ত্রণালয়ের সদয় দৃষ্টি আকর্ষণ করছি।

প্রণব কুমার দেব
সহকারী শিক্ষক,
রাঙ্গামাটি সরকারি উচ্চ বিদ্যালয়,
রাঙ্গামাটি পার্বত্য জেলা।